

বিকেএসপি'তে উশু জাতীয় দলের প্রশিক্ষণ ক্যাম্প

বিকেএসপি'র নবনির্মিত মাল্টি স্পোর্টস কমপ্লেক্সে বাংলাদেশ অলিম্পিক ফেডারেশনের আয়োজনে ও বাংলাদেশ উশু ফেডারেশনের ব্যবস্থাপনায় গত ১৭ জুলাই থেকে শুরু হয়েছে উশু জাতীয় দলের আবাশিক প্রশিক্ষণ ক্যাম্প। উশু ফেডারেশনের ০২ জন কোচ ও ০২ জন ক্যাম্প কমান্ডারসহ মোট ৪১ জন অংশ নিচ্ছে এ ক্যাম্পে। জাতীয় দলের এ ক্যাম্পে বিকেএসপি'র ০৩ জন খেলোয়াড় অংশ নিচ্ছে। এরা হলেন-মো. আমির হোসেন, মো. ওমর ফারুক ও বিপ্লব রুদ্র। প্রশিক্ষণ ক্যাম্পটি এ বছরে ডিসেম্বরে অনুষ্ঠিতব্য এসএ গেমস পর্যন্ত চলবে। উল্লেখ্য জাতীয় দলের প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান বিকেএসপি'র মৌলিক কর্মকান্ড সমূহের মধ্যে অন্যতম।



বিকেএসপি'ত হকি বিভাগের সামার হকি টুর্নামেন্ট সমাপ্ত

বিকেএসপি'র হকি বিভাগের নিয়মিত আয়োজন সামার হকি টুর্নামেন্ট গত ১৩ জুলাই শুরু হয়ে আজ (১৮ জুলাই) শেষ হয়েছে। ফাইনালে রেড কাইট দল পেনালটি শ্যুট আউটে ৩-২ গোলের ব্যবধানে ঈগল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফাইনাল খেলা উপভোগ করেন এবং খেলা শেষে পুরস্কার বিতরণ করেন। টুর্নামেন্ট সেরা পুরস্কারের অর্থ মানি ১০০০/- টাকা পান রানারআপ ঈগল দলের অধিনায়ক দেবশীষ কুমার সরকার এবং ১০,০০০/- টাকার প্রাইজ মানি পেয়ে সেরা কোচের পুরস্কার লাভ করেন চ্যাম্পিয়ন রেড কাইট দলের কোচ জনাব শেখ মো. নান্নু। প্রতিযোগিতায় বিকেএসপির হকি বিভাগের সকল খেলোয়াড়দের ৪টি দল রেড কাইট, ঈগল, ম্যাগপাই ও ফ্যালকন নামে খেলানো হয়। এ টুর্নামেন্ট খেলোয়াড়দের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তুলতে এবং নিজেদেরকে সেরাদের সেরা প্রমাণ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। উল্লেখ্য টুর্নামেন্টের প্রতিটি দলের খেলোয়াড়, ম্যানেজার, রেফারি থেকে শুরু করে টুর্নামেন্ট সংশ্লিষ্ট সকল বিষয়ে হকি বিভাগের প্রশিক্ষার্থীরা দায়িত্ব পালন করায় টুর্নামেন্টটিকে একটি শিক্ষণীয় ও সফল টুর্নামেন্ট হিসেবে চিহ্নিত করা হয়।



বিকেএসপি'তে বৃক্ষ রোপন করলেন প্রতিষ্ঠানের মহাপরিচালক

বিকেএসপি'তে চলছে বৃক্ষ রোপন অভিযান। গত (২১ জুলাই) সকালে বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ২নং ক্রিকেট গ্রাউন্ডের প্যাভিলিয়ন সংলগ্ন উত্তর পার্শ্বে একটি আমের চারা রোপনের মধ্য দিয়ে এ কার্যক্রম শুরু করেন। এ সময় কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. শাহরিয়ার কবীর, পিএসসি ছাড়াও প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বৃক্ষ রোপন শেষে মসজিদের পেশ ইমাম জনাব মো: ওয়াজি উল্লাহ ঢালী মোনাজাত পরিচালনা করেন।

